১৩ই ফেব্রুয়ারি

আবেদ চৌধুরী

যদিও মস্কোতে এখন তীব্র শীত
বরফ গলেনি কপেনহাগেন
তবু বিষুবরেখার উত্তরে হাওয়া
ছেড়েছে হিমের প্রবল ঝাপটা
কেউ কেউ বলে এইতো বসন্ত এলো;
এই নাও তোমার বসন্ত
বলে রক্তিম হয়, হয়ে উঠে রোদেলা হলুদ, এমন কি সুন্দর
পাতা কুড়ানির বর্ণমালা-হীন বালিকারা
উদাস বাতাসে পাতার শব্দ
এখনি ঝরবে যা কিছু দাহ্য যা কিছু জীর্ণ,
এবং ঝরবে তোমাদের মত শৈশবকাল আমের মুকুল
শীত কেটে গেছে অবাধ্য হাওয়া এখনি ফেলবে জ্বালানীর পাতা
পাতাকুড়ানির বালিকারা শুনো বাতাসে বইছে ফের বসন্ত

কবিদের চোখে এখনো জ্বলছে সেই অতীতের
রোমাঞ্চ আলো
সেইযে বিরান প্রান্তরে কারা শিশিরের কণা
প্রাণে ভরেছিল
তারা আজ জানে অন্তিম রাত মাঘে আর প্রেমে
দেখা হয়েছিল
ঘাসের ডগার শিশিরের কণা তীব্র আবেগে জ্বলে
উঠেছিলো
সেই শেষ রাতে তুমি বলেছিলে
এই মাঠে যদি থাকত কেবল
প্রাণের ভেতর প্রাণের আগুন
বিদায় রাত্রি হিমের শয্যা
এইতো এসেছে তুমুল ফাগুন